

আপনি কতটা আকর্ষণীয়



তনিমা আরেফিন

নিজেকে আকর্ষণীয় ভাবে পছন্দ করেন? আরও বেশি আকর্ষণীয় করে তুলতে চান? জানেন নিজেকে আকর্ষণীয় করে তোলার গোপন রহস্য, যা অন্যের হৃদয়স্পন্দন বন্ধ করে দেবে? নিচের প্রশ্নগুলোর উত্তর দিন। অন্যকে আকর্ষণ করার ক্ষমতা কতটুকু আছে জেনে নিন।

ছেলেদের ক্ষেত্রে

১. রেস্তুরেন্টে খেতে গেলে যখন সুন্দরী ওয়েট্রেস টাকা ফেরত দিতে আসে-

- ক. টাকা রাখতে গিয়ে আলতো করে আপনার হাত ছুঁয়ে যায়।
- খ. আমন্ত্রণের হাসি দিয়ে টাকা আপনার হাতে দিয়ে যায়।
- গ. টাকা টেবিলে রেখে, অন্য কাস্টমারের কাছে যায়।

২. অফিসের কোনো মেয়ে কলিগ যখন অফিসের কোনো ব্যাপার নিয়ে আপনার সঙ্গে কথা বলতে আসে-

- ক. প্রয়োজনীয় কথা শেষ হবার পরেও আলোচনা দীর্ঘায়িত করে।
- খ. আপনার খুব কাছে এসে বসে।
- গ. তাড়াতাড়ি আলোচনা শেষ করে চলে যায়।

৩. ভিড়ের মধ্যে কোনো সুন্দরী মেয়ে দেখে মন্ত্রমুগ্ধ হয়ে গেলে-

- ক. ভিড় গায়ে না মেখে এমনভাবে তাকিয়ে থাকেন যেন চারপাশে কেউ নেই।
- খ. তার সঙ্গে কথা বলতে যান।
- গ. আপনি দুঃখিত এরকম হাসি দিয়ে চলে যান।

৪. ছলনাময়ী কোনো মেয়ে যখন আপনার সঙ্গে ভাব করার জন্য কিছু বলবে-

- ক. আপনি না শোনার ভান করবেন।
- খ. তার সঙ্গে খুব কম কথা বলবেন।
- গ. তার সঙ্গে মজার মজার কথা বলবেন।

৫. আপনার 'স্বপ্নের রানী' এমন কোনো মেয়ের সঙ্গে যখন একা থাকেন-

- ক. আবহাওয়া সম্পর্কিত আলোচনা করেন।
- খ. তার আগ্রহ সম্পর্কে জানতে চান।
- গ. সুন্দরভাবে সময়টা উপভোগ করেন।

৬. প্রিয় মানুষটির রাগ ভাঙতে-

- ক. কোনো পার্টিতে নিয়ে যান।
- খ. কোথাও খেলা দেখতে নিয়ে যান।
- গ. নিজের বাড়িতে ডিনারে আমন্ত্রণ জানান।

৭. মেয়েদের ছলনাকে কিভাবে দেখেন?

- ক. শুধুই মজা।
- খ. কিছুই না।
- গ. মেয়েটির ওপর নির্ভর করে।

৮. আপনার প্রিয় মানুষটি যখন খুব উগ্রসাজে দেখা করতে আসে-

- ক. প্রশংসা করবেন।
- খ. তাকে নতুন প্রসাধনী কিনে দেবেন।
- গ. কিছুই বলবেন না।

মেয়েদের ক্ষেত্রে

১. কোনো পার্টিতে সারাক্ষণ আপনার বন্ধুর পাশে থাকতে চাইলে-

- ক. আপনাকে পুরোপুরি সঙ্গ দেয়।
- খ. অন্যদেরও সময় দেয়।
- গ. সবার সঙ্গে চিৎকার করে গল্প করে।

২. খুব আকর্ষণীয় কেউ বারবার ফোন করে আপনার ফ্ল্যাটের আগের বাসিন্দাকে চাইলে আপনি কি বলেন?

- ক. সে অনেক আগে ফ্ল্যাট ছেড়ে চলে গেছে।
- খ. তার ফোন নম্বর জেনে রাখেন এবং তাকে আপনার নাম বলেন।
- গ. তাকে ফোন করতে বলে এবং পুরনো বাসিন্দার ঠিকানা খুঁজতে সাহায্য করবেন বলে আশ্বস্ত করেন।

৩. অফিস লিফটে যখন কারো সঙ্গে একা থাকেন-

- ক. সে জানতে চায় আপনি কোন ফ্লোরে নামবেন।
- খ. সে চুপচাপ দাঁড়িয়ে থাকে।
- গ. সে জানার পরও আপনার কাছে

নির্ধারিত ফ্লোর সম্পর্কে জানতে চায়।

৪. সবার কাছে সুন্দর চুলের জন্য প্রশংসনীয় হলেও যখন দেখেন আপনার প্রিয়জন তা পছন্দ করছে না-

- ক. চুলের ধরন পাল্টে ফেলবেন।
- খ. তার পছন্দের ধরন জানতে চাইবেন।
- গ. তার কল্পনার মতো করে নিজেকে সাজাবেন।

৫. আপনার অফিসের নতুন বস্ যদি ব্যাচেলর হন-

- ক. তার জন্য অফিসে অনেক বেশি সময় দেবেন।
- খ. মনে মনে প্রার্থনা করবেন অফিস পার্টিতে তার সঙ্গে কোনো মেয়ে না থাকে।
- গ. অফিসে বিরক্ত হওয়ার মতো কারণ জানিয়ে কিছু পরামর্শ দিতে বলেন।

৬. বাড়ির সামনে রাস্তায় সুদর্শন কাউকে দেখলে তার সঙ্গে পরিচিত হওয়ার জন্য কি করবেন-

- ক. চাবি ফেলে এসেছেন ও দরজা খোলার জন্য সাহায্য করতে বলবেন।
- খ. বাড়িতে কোনো অনুষ্ঠানের আয়োজন করে পরিবারের সবার সঙ্গে পরিচয় করিয়ে দেবেন।
- গ. আশা করবেন সে প্রায়ই আপনার বাড়ির আশপাশে কোথাও আসে।

৭. এমন কেউ যে রোজ কোথাও না কোথাও আপনাকে দেখে। আপনি শুধু হাসেন, কিছু বলেন না।

- ক. হঠাৎ সে আপনার সঙ্গে কথা বলে।
- খ. প্রয়োজনীয় কিছু ফেলে এসে আপনার কাছে চেয়ে নেয়।
- গ. সে নিজেকে নিয়েই ব্যস্ত থাকে।

৮. রোজ সকালে জগিংয়ে কেউ যখন আপনার পাশে থাকতে চায়-

- ক. আপনি কোনো আগ্রহ প্রকাশ করবেন না।
- খ. আগ্রহ না দেখলেও তাকে নিয়ে ভাববেন।
- গ. উৎসাহ প্রকাশ করবেন এবং অপেক্ষা করবেন।

ছেলেদের ক্ষেত্রে : স্কোর যদি ৬০-এর বেশি হয়ে থাকে, তাহলে আপনি খুবই আকর্ষণীয় এবং নিজেকে 'স্বপ্নের রাজকুমার' ভাবে পারেন।

স্কোর যদি ৩০-৫৫-এর মধ্যে থাকে, আপনি আকর্ষণীয় তবে খুব আহামরি কিছু

স্কোর কিভাবে করবেন

ছেলে

- ১. ক-১০, খ-৫, গ-০
- ২. ক-৫, খ-১০, গ-০
- ৩. ক-০, খ-১০, গ-৫
- ৪. ক-০, খ-৫, গ-১০
- ৫. ক-০, খ-১০, গ-৫
- ৬. ক-১০, খ-০, গ-৫
- ৭. ক-৫, খ-০, গ-১০
- ৮. ক-৫, খ-১০, গ-০

মেয়ে

- ১. ক-১০, খ-০, গ-৫
- ২. ক-০, খ-১০, গ-৫
- ৩. ক-১০, খ-৫, গ-০
- ৪. ক-০, খ-১০, গ-৫
- ৫. ক-৫, খ-০, গ-১০
- ৬. ক-৫, খ-১০, গ-০
- ৭. ক-১০, খ-৫, গ-০
- ৮. ক-৫, খ-০, গ-১০

নয়। দু-একটা মেয়ে আপনাকে পছন্দ করবে তবে সবার চোখে পড়ার মতো নয়। আপনি নিজেকে আরও বেশি আকর্ষণীয় করে তুলতে চেষ্টা করুন।

স্কোর যদি ২৫-এর কম হয়ে থাকে দুঃখ পাবেন না। নিজের অদক্ষতাগুলো খুঁজে বের করুন। চেষ্টা করুন নিজেকে আরও আকর্ষণীয় করে তুলতে।

মেয়েদের ক্ষেত্রে : ৬০-এর বেশি

স্কোর হলে আপনাকে অভিনন্দন।

অন্যকে আকৃষ্ট করার সব ক্ষমতা ই অর্জিত আপনার।

৩০ থেকে ৫৫-এর মধ্যে স্কোর হলে

আপনি সুন্দরী। আরেকটু চেষ্টা করলে আপনি নিজেকে আরও সুন্দরভাবে উপস্থাপন করতে পারবেন।

যদি স্কোর ২০-এর নিচে থাকে, চিন্তিত হওয়ার কিছু নেই। ছোটখাটো তুলগুলো শুধরে নিন। গুণগুলো যথাযথ ব্যবহার করুন। দেখবেন সবাই আপনাকে ফিরে ফিরে দেখছে।

মডেল : নোবেল ও মোনালিসা

